# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৭৬

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ স্বর্ণের দাঁত বাধান।

## باب مَا جَاءَ فِي شَدِّ الأَسْنَانِ بِالذَّهَبِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ هَاشِمِ بْنِ الْبَرِيدِ، وَأَبُو سَعْدٍ الصَّغَانِيُّ عَنْ أَبِي الأَشْهَبِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ، عَنْ عَرْفَجَةَ بْنِ أَسْعَدَ، قَالَ أُصِيبَ أَنْفِي يَوْمَ الْكُلاَبِ فِي الْجَاهِلِيَّةِ فَاتَّخَذْتُ أَنْفًا مِنْ وَرِقٍ فَأَنْتَنَ عَلَىَّ فَأَمَرَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ أَتَّخِذَ أَنْفًا مِنْ ذَهَبٍ .
حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ بَدْرٍ، وَمُحَمَّدُ بْنُ يَزِيدَ الْوَاسِطِيُّ، عَنْ أَبِي الأَشْهَبِ، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ . وَقَدْ رَوَى سَلْمُ بْنُ زَرِيرٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ نَحْوَ حَدِيثِ أَبِي الأَشْهَبِ . وَقَدْ رُوِيَ عَنْ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنَّهُمْ شَدُّوا أَسْنَانَهُمْ بِالذَّهَبِ وَفِي هَذَا الْحَدِيثِ حُجَّةٌ لَهُمْ . وَقَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ سَلْمُ بْنُ رَزِينٍ وَهُوَ وَهَمٌ وَأَبُو سَعْدٍ الصَّغَانِيُّ اسْمُهُ مُحَمَّدُ بْنُ مُيَسَّرٍ .

বাংলা

১৭৭৬। আহমাদ ইবনু মানী’ (রহঃ) ... আরফাজা ইবনু আসআদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, জাহেলী আমলে কুলাব যুদ্ধের সময় আমার নাকে আঘাত লাগে। তখন আমি একটি রূপার নাক বাঁধিয়ে নেই। কিন্তু তা দুর্গন্ধময় হয়ে পড়ে। এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি স্বর্ণের নাক বানিয়ে নিতে নির্দেশ দেন।

হাসান, মিশকাত, তাহকীক ছানী ৪৪০০, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৭০ [আল মাদানী প্রকাশনী]

আলী ইবনু হুজর (রহঃ) ... আবূল আশহাব (রহঃ) সূত্রেও অনুরূপ বর্ণিত আছে। এই হাদীসটি হাসান। আবদুর রহমান ইবনু তারাফা (রহঃ) এর রিওয়ায়াত হিসাবে এটিকে আমরা জানি। আবদুর রহমান ইবনু তারাফা (রহঃ)

থেকে সালম ইবনু জারীর (রহঃ) ও আবূল আশহাব-আবদুর রহমান ইবনু তারাফা (রহঃ) এর অনুরূপ বর্ণনা করেছেন।

একাধিক আলিম থেকে বর্ণিত আছে যে, তাঁরা স্বর্ণের দাঁত বাঁধিয়েছিলেন। এই হাদীসটি তাদের পক্ষে দলীল স্বরূপ। আবদুর রহমান ইবনু মাহদী (রহঃ) বলেন, সালম ইবনু ওয়াযীর বলা অমূলক বরং ইবনু জারীর ঠিক। রাবী আবূ সাঈদ সানআনীর নাম হল মুহাম্মদ ইবনু মুইয়াসসির।

## English

Narrated 'Urfajah bin As'ad:
"My nose was severed on the Day of Al-Kulab during Jahiliyyah. So I got a nose of silver which caused an infection for me, so the Messenger of Allah (ﷺ) ordered me to get a node made of gold."

Another chain with similar meaning.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib, we only know of it as a narration of 'Abdur-Rahman bin Tarafah. Salm bin Zarir reported similar to the narration of Abu Al-Ashhab from 'Abdur-Rahman bin Taraqah - "from 'Abdur-Rahman bin Taraqah." It has been related about more than one of the people of knowledge that they would brace their teeth with gold, and in this Hadith there was a proof for them.

'Abdur-Rahman bin Mahdi said: "Salm bin Zarin" but that is an error, "Zarir" is more correct, and Abu Sa'd As-San'ani's (a narrator in this chain) name is Muhammad bin Muyassir.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আরফাজাহ্ ইবন আসআদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22285

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন